গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২ কাকরাইল,ঢাকা।
বর্হিগমন শাখা
www,bmet.gov.bd

স্মারক নং:- ৪৯.০১.০০০০.০৪১.৩১.০৫৬.২৫.০০৪১

তারিখ:১৫/০১/২০২৫ খ্রি:

বিষয়: বহির্গমন ছাড়পত্র প্রক্রিয়াকরণের অনুমতি প্রদান।
সুত্র: রিক্রুটিং এজেন্সি কন্টিনেন্টাল ম্যানপাওয়ার লি: (আরএল-২৭০৯)এর ১৪/০১/২০২৫ খ্রি: এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সুত্রোক্ত পত্রের আলোকে রিক্রুটিং এজেন্সি কন্টিনেন্টাল ম্যানপাওয়ার লি: (আরএল-২৭০৯) এর আবেদনের প্রেক্ষিতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে মালয়শিয়ায় ১১০+৫০= ১৬০ (একশত ষাট) জন পুরুষ কর্মীর বর্হিগমন প্রক্রিয়াকরণের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো:

| রিক্রুটিং এজেন্সির নাম, ঠিকানা ও মোবাইল নম্বর | গন্তব্য দেশের নাম | কোম্পানির নাম ও ঠিকানা | পদের নাম ও কর্মী সংখ্যা | বেতন ও অন্যান্য সুবিধাদী | অভিবাসন ব্যয় |
|---|---|---|---|---|---|
| কন্টিনেন্টাল ম্যানপাওয়ার লি: (আরএল-২৭০৯) ৫৫/১ পুরানা পল্টন, ৭ম তলা, ঢাকা-১০০০। ইমেইল: continentalmpltd@gmail.com | **মালয়শিয়া** | **Prospell Enterprise Sdn. Bhd, (201874-U)** 521, Lorong 12, Taman ACBE, 72100 Bahau, Negeri Sembilan<br><br>**Koperasi Serbausaha Makmaur Berhad** B-8032, Sri kuantan square, jalan teluk sisek, 25000, kuantan, pahang, Darul Makmur. Phone: 095177977/ 095177980 | **Plantation worker ১১০+৫০= ১৬০ (একশত ষাট) জন** | মাসিক বেতন- ১৫০০ (রিঙ্গিত) চুক্তির মেয়াদ-০৩ বছর, কর্মীর বয়স-২০-৪৫ আবাসন, যাতায়াত, খাবার কোম্পানি বহন করবেন। কর্মঘন্টার- প্রতি দিন ০৮ ঘন্টা, সপ্তাহে-০৬ দিন। চাকুরীর অন্যান্য সুযোগ-সুবিধা মালয়শিয়ার আইন অনুযায়ী প্রযোজ্য হবে। | **৭৮,৭৪০/- (আটাত্তর হাজার সাতশত চল্লিশ)** |

মোট= ১১০+৫০= ১৬০ (একশত ষাট)

শর্তাবলি:

(ক) বাংলাদেশ থেকে মালয়শিয়ায় কর্মী প্রেরণের ক্ষেত্রে রিক্রুটিং এজেন্সিকে অবশ্যই বাংলাদেশ এবং মালয়শিয়া উভয় দেশের বিধিবদ্ধ আইন, বিধি বিধান অনুসরণ করতে হবে;

(খ) বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ এর ১৯(৩) ধারা অনুযায়ী রিক্রুটিং এজেন্সিকে বিএমইটির চলমান ডাটাবেজ থেকে কর্মী নির্বাচন করতে হবে;

(গ) ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি নিশ্চিত করবেন এবং ডাটাবেজ বহির্ভূত কোনো কর্মীর অনুকূলে ইমিগ্রেশন ক্লিয়ারেন্স প্রদান করা হবে না;

(ঘ) প্রত্যেক গ্রুপে বাংলাদেশী কর্মী মালয়শিয়ায় পৌছার পর রিক্রুটিং এজেন্সি মন্ত্রণালয়, বিএমইটি এবং বাংলাদেশ দূতাবাস/কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, মালয়শিয়ায় প্রতিবেদন দাখিল করবে;

(ঙ) বহির্গমন ছাড়পত্রের পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে। বিষয়টি রিক্রুটিং এজেন্সি নিশ্চিত করবে;

(চ) বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিমএইটিতে চাহিদাপত্র/ক্ষমতাপত্র ও দক্ষতা সনদসহ অন্যান্য কাগজপত্র দাখিল করতে হবে। বিমএইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র (**Emigration Clearance Card** বা **Smart Card** ) প্রদান করা হবে;

(ছ) কর্মী নিয়োগ চুক্তি পত্রের বাংলায় অনুবাদকৃত সত্যায়ন কপি প্রত্যেক কর্মীকে প্রদান নিশ্চিত করতে হবে;

(জ) মালয়শিয়ায় পৌছার প্রারম্ভে সকল ব্যয় (লেভি, বিমানভাড়া ইত্যাদি) নিয়োগকারী বহন করবেন। কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ কর্মীর নিকট হতে গ্রহণকৃত অর্থ চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করতে পারবেন যার প্রমাণপত্র মহাপরিচালক, বিএমইটি বরাবর উপস্থাপন করতে হবে। ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি অভিবাসন ব্যয় বাবদ কর্মীর নিকট হতে ৭৮,৭৪০/- (আটাত্তর হাজার সাতশত চল্লিশটাকা) গ্রহণ করতে পারবেন;

(ঝ) চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘিত হবে না; অনুমোদিত কর্মীরা উক্ত কোম্পানিতে অবশ্যই চাকুরী পাবেন; প্রত্যেক কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা, আবাসন ও অন্যান্য সুযোগ সুবিধা দেয়া হবে এবং কোনো ধরণের অনাকাঙক্ষিত ঘটনা ঘটলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবর্তন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে;

(ঞ) কর্মীদের চাকুরির শর্তাবলী মালয়শিয়ার শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে;

(ট) প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে মালয়শিয়া অথবা মালয়শিয়া বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন;

(ঠ) নির্দেশনা অনুসারে কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে;

(ড) কর্মীর ফ্লাইট নিশ্চিত হওয়ার পর সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি কর্তৃক ফ্লাইট সিডিউল ও কর্মীর তালিকা বাংলাদেশ দুতাবাস, মালয়শিয়া এবং বিএমইটিতে দাখিল করতে হবে,

(ঢ) রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে কোন অভিযোগ নেই এবং ইতোপূর্বে প্রেরিত কর্মীদের কর্মসংস্থান বিষয়ে নিশ্চিত হয়ে বহির্গমন ছাড়পত্র প্রদান করতে হবে; এবং

(ণ) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ অনুমোদন বাতিল বা সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৪.০১.২৫

( মামুন সরদার)
উপসচিব
পরিচালক (বহির্গমন)

স্বত্ত্বাধিকারী
আকবর এন্টারপ্রাইজ (আরএল-৩৫০)
১৬৫, ডিআইটি এক্সটেনশন রোড, (দ্বিতীয় তলা)
ফকিরাপুল, ঢাকা।

স্মারক নং:- ৪৯.০১.০০০০.০৪১.৩১.০৫৬.২৫ তারিখ: /০১/২০২৫ খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে;

০১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৩। কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস/কনস্যুলেট জেনারেল অব মালয়শিয়া।
০৪। অতিরিক্ত সচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৫। অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান), বিএমইটি, ঢাকা।
০৬। পরিচালক (কর্মসংস্থান) বিএমইটি, ঢাকা।
০৭। সিস্টেম এনালিস্ট, আইটি শাখা, বিএমইটি, ঢাকা।
০৮। সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, বিএমইটি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৯। মহাপরিচালকের ব্যাক্তিগত কর্মকর্তা, বিএমইটি, ঢাকা।
১০। অফিস কপি।

২৪.০১.২৫

( মামুন সরদার)
উপসচিব
পরিচালক (বহির্গমন)

# Government of the People's Republic of Bangladesh

**Bureau of Manpower Employment and Training (BMET)**

***Recruitment Permission Letter***

## permission ID:MY-RL2709-2025-0000241

***Permission Date: 15/01/2025***

***Permission Allowed For This Agent: 1***

VISA INFORMATION :

| | |
|---|---|
| Block visa number | BHC-LW-20 |
| Total visa | 110 |
| Visa issue date | 22/10/2024 |
| Total applied quantity | 110 |
| Employer name | PROSPELL ENTERPRISE SDN. BHD. |
| Country : Malaysia | City : KUALA LUMPUR |
| Attested | Yes |
| Ministry Reference | 49.01.0000.041.31.056.25.0041, 14/01/2025 |

AGENT INFORMATION :

AGENT ID : RL2709 AGENT NAME : CONTINENTAL MANPOWER LIMITED

FOREIGN JOB INFORMATION :

| Job category | Post name | No of post | Salary | F/H/M/A/O | C.Duration |
|---|---|---|---|---|---|
| Plantation Worker | PLANTATION WORKER | 110 | 1500.0 | F-Y/H-Y/M-Y/A-Y/O-N | 3.0 |

# Government of the People's Republic of Bangladesh

## Bureau of Manpower Employment and Training (BMET)

### Recruitment Permission Letter

## permission ID:MY-RL2709-2025-0000242

***Permission Date:* 15/01/2025**

***Permission Allowed For This Agent:* 2**

VISA INFORMATION :

| | |
|---|---|
| Block visa number | BHC-LW_32 |
| Total visa | 50 |
| Visa issue date | 27/11/2024 |
| Total applied quantity | 50 |
| Employer name | KOPERASI SERBAUSAHA MAKMUR BERHAD. |
| Country : Malaysia | City : KUALA LUMPUR |
| Attested | Yes |
| Ministry Reference | 49.01.0000.041.31.056.25.0041, 14/01/2025 |

AGENT INFORMATION :

AGENT ID : RL2709 AGENT NAME : CONTINENTAL MANPOWER LIMITED

FOREIGN JOB INFORMATION :

| Job category | Post name | No of post | Salary | F/H/M/A/O | C.Duration |
|---|---|---|---|---|---|
| Plantation Worker | PLANTATION WORKER | 50 | 1500.0 | F-Y/H-Y/M-Y/A-Y/O-N | 3.0 |